# আসছে নবম শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

## শূন্যপদ সাড়ে ৬৯ হাজার

**নিজস্ব প্রতিবেদক**
০৬ জুলাই ২০২৬, ১২:০০ এএম




দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে নবম বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তুতি চূড়ান্ত করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন গ্রহণ ও পরীক্ষা আয়োজনে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি চেয়েছে সংস্থাটি। অনুমোদন পেলেই বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এতে শূন্যপদ থাকতে পারে ৬৯ হাজার ৫৭৭টি। গতকাল শিক্ষা মন্ত্রণালয় ও এনটিআরসিএ সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

এনটিআরসিএ কর্মকর্তারা জানান, নবম এনটিআরসিএ প্রবেশ পর্যায়ে (এন্ট্রি লেভেল) শিক্ষক নিয়োগ পরীক্ষার জন্য সংশ্লিষ্ট অধিদপ্তরের যাচাই করা ১১৬টি বিষয়ের ৭৫ হাজার ৭৬৯টি শূন্যপদের চাহিদা পাওয়া যায়। এ শূন্যপদ থেকে ১৮তম নিবন্ধনধারীদের পদ সংরক্ষণ করে ৬৯ হাজার ৫৭৭টি শূন্যপদে প্রবেশ পর্যায়ের জন্য নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হতে পারে।

এনটিআরসিএ সূত্র জানায়, এর আগে সংস্থাটি নবম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য শূন্যপদের চাহিদা যাচাইয়ের কাজ শেষ করেছে। তাতে মোট ৭৭ হাজার ৭৯৯টি শূন্যপদের তথ্য পাওয়া গিয়েছিল। তবে যাচাইয়ে ৭৫ হাজার ৭৬৯টি পদ অবশিষ্ট ছিল। পরে আরও দুই হাজার ৫৩০টি পদ নানা কারণে বাদ পড়েছে।

এনটিআরসিএতে বর্তমানে চেয়ারম্যান নেই। সংস্থার চেয়ারম্যান পদে অতিরিক্ত দায়িত্বে রয়েছেন মুহম্মদ নূরে আলম সিদ্দিকী। তিনি পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন বিভাগের সদস্য।

নূরে আলম সিদ্দিকী বলেন, ?‘মন্ত্রণালয়ে চিঠি দিয়েছি। অনুমোদন পেলে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আবেদন গ্রহণ ও পরীক্ষা আয়োজনের সব প্রস্তুতি আমাদের রয়েছে।’